



নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
www.ecs.gov.bd

ফোন : ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭

ফ্যাক্স : ৯১২৯৭৭৩

নং নিকস/জঃসঃ/প্রেস রিলিজ/২০০৭/২৪

তারিখঃ ১৪ ফেব্রুয়ারি ২০০৮

সংবাদ বিজ্ঞপ্তি

খসড়া ভোটার তালিকা প্রকাশ :

সারাদেশে ছবিসহ ভোটার তালিকা প্রণয়নের কাজ এগিয়ে চলছে। ইতোমধ্যে যে সব সিটি কর্পোরেশন ও পৌরসভা এলাকার ভোটার রেজিস্ট্রেশন কাজ সম্পন্ন হয়েছে সেগুলোর মধ্যে চারটি সিটি কর্পোরেশন ও সাতটি পৌরসভা এলাকার খসড়া ভোটার তালিকা আগামী ১৮ ফেব্রুয়ারি ২০০৮ তারিখে প্রকাশ করা হবে। এ সব এলাকার খসড়া ভোটার তালিকার উপর দাবী, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির পর আগামী ২৪ মার্চ ২০০৮ তারিখে চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে।

যে সব সিটি কর্পোরেশন ও পৌরসভার খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হচ্ছে সেগুলো হলো- রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট সিটি কর্পোরেশন এবং মানিকগঞ্জ, শরিয়তপুর, কক্সবাজার, শ্রীপুর (গাজীপুর), ফুলবাড়িয়া (ময়মনসিংহ), গোলাপগঞ্জ (সিলেট), সীতাকুন্ড (চট্টগ্রাম) পৌরসভা।

খসড়া ভোটার তালিকা প্রকাশ ও তার উপর দাবী, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির জন্য নিম্নরূপ সময়-সূচী ঘোষণা করা হয়েছে:

০১.	খসড়া ভোটার তালিকা প্রকাশ	:	১৮ ফেব্রুয়ারি ২০০৮
০২.	দাবী, আপত্তি ও সংশোধনের জন্য দরখাস্ত দাখিলের শেষ তারিখ	:	০৫ মার্চ ২০০৮
০৩.	সংশোধনী কর্তৃপক্ষ কর্তৃক দাবী, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত দরখাস্তসমূহের নিষ্পত্তির শেষ তারিখ	:	১৬ মার্চ ২০০৮
০৪.	দাবী, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত দরখাস্তের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশনের শেষ তারিখ	:	২০ মার্চ ২০০৮
০৫.	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের তারিখ	:	২৪ মার্চ ২০০৮

খসড়া ভোটার তালিকা সর্বসাধারণের পরিদর্শনের জন্য - সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিস, উপজেলা/থানা নির্বাচন অফিস বা সহকারী রেজিস্ট্রেশন অফিসারের অফিস, ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ওয়ার্ড অফিস/ক্যান্টনমেন্ট বোর্ড অথবা ভোটকেন্দ্র হিসাবে ব্যবহৃত কোন স্থাপনা বা রেজিস্ট্রেশন কেন্দ্র অথবা জনপরিচিতি সম্পন্ন যে কোন স্থানে উন্মুক্ত রাখা হবে।

যে কোন ব্যক্তি এ সব স্থানে গিয়ে খসড়া ভোটার তালিকা দেখে সে অনুযায়ী দাবী, আপত্তি বা সংশোধনীর জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন।

খসড়া ভোটার তালিকার উপর দাবী, আপত্তি ও সংশোধনী সংক্রান্ত আবেদন নিষ্পত্তির জন্য প্রতিটি উপজেলায় সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং মেট্রোপলিটন ও ক্যান্টনমেন্ট এলাকার জন্য সংশ্লিষ্ট উপ-নির্বাচন কমিশনার, অতিরিক্ত জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারগণকে সংশোধনকারী কর্তৃপক্ষ (রিভাইজিং অথরিটি) নিয়োগ করা হয়েছে।

ভোটার তালিকা বিধিমালা, ২০০৮ অনুযায়ী খসড়া ভোটার তালিকা প্রকাশের পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে অর্থাৎ উল্লিখিত সময়সূচী অনুযায়ী ০৫ মার্চ ২০০৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ভোটার, খসড়া ভোটার তালিকার উপর দাবী, আপত্তি ও সংশোধনের জন্য দরখাস্ত দাখিল করতে পারবেন। দাবী, আপত্তি ও সংশোধনীর দরখাস্তসমূহ নির্ধারিত ফরমে সংশোধনকারী কর্তৃপক্ষ-কে সম্বোধন করে দাখিল করতে হবে। দরখাস্তসমূহ সংশোধনকারী কর্তৃপক্ষ বা রেজিস্ট্রেশন অফিসার বা সহকারী রেজিস্ট্রেশন অফিসার বা উপজেলা/থানা নির্বাচন অফিসারের নিকট নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে হবে অথবা ডাকযোগে নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

দাবী, আপত্তি ও সংশোধনীর আবেদনের জন্য নির্ধারিত ফরম রেজিস্ট্রেশন অফিসারের অফিস (জেলা নির্বাচন অফিসারের অফিস), উপজেলা/থানা নির্বাচন অফিসারের অফিস, সহকারী রেজিস্ট্রেশন অফিসারের অফিস, সংশোধনী কর্তৃপক্ষের অফিসে পাওয়া যাবে। এছাড়া এ ফরম নির্বাচন কমিশনের ওয়েব-সাইট (www.ecs.gov.bd) হতে ডাউন-লোড করে ব্যবহার করা যাবে।

(এস এম আসাদুজ্জামান)

জনসংযোগ কর্মকর্তা (সিঃসিঃ)

ফোন : ৮১১৪১৭৬

বাসা : ৮০৫৩৪৭৬